রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৩৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৮, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৯—৪৯৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৮৯—১১১৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৫—১০৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬১৩—১৬৬০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .....................ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৬৯/২০১৩-১৮৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব দীনেশ চন্দ্র ভট্টাচার্য্য, পিতা দিলীপ কুমার ভট্টাচার্য্য, মাতা রমা রানী ভট্টাচার্য্য, গ্রাম কালীগঞ্জ কালীবাড়ী, ডাকঘর নলডাঙ্গা, উপজেলা কালীগঞ্জ, জেলা ঝিনাইদহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫০/২০১৩-১৮৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মৃনাল কান্তি চক্রবর্তী, পিতা মৃত মনোরঞ্জন চক্রবর্তী, মাতা রানু চক্রবর্তী, সাং ৪৯ নং কে, সি নাগ রোড, আমলাপাড়া, থানা নারায়ণগঞ্জ, জেলা নারায়ণগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের 'গ' অঞ্চলের১৫,১৬,১৭,১৮,১৯,২০,২১, ও ২২নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত ]**

**আদেশ**

তারিখ, ০৬ এপ্রিল ২০১৪

নং **বিচার-৭/২এন-৪৫/২০১৩-২০৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব পার্থ সারথী রায়, পিতা মৃত নলিনী মোহন রায়, মাতা কবিতা রায়, বাসা নং ১৯০,রাস্তা নং ৩/৩, মুলাটোল, রংপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ১৯ ও ২০নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশাবলী**

তারিখ, ০৭ এপ্রিল ২০১৪

**নং বিচার-৭/২এন-৪৮/৮০-২০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (মোহাম্মদ বেলাল উদ্দিন, পিতা মৃত রেহান আলী সরকার, মাতা রেনুকা বেগম, গ্রাম পশ্চিম নলছিয়া, ডাকঘর বিনোদটঙ্গী, ইউনিয়ন ২নং কড়ইচড়া, উপজেলা মাদারগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ২নং কড়ইচড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৮ এপ্রিল ২০১৪

নং **বিচার-৭/২এন-৩৭/২০১৩-২০৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব উজ্জল কুমার সেন, পিতা বীর মুক্তিযোদ্ধা রমেশ চন্দ্র সেন, মাতা সাবিত্রা সেন, গ্রাম টুটপাড়া গাছতলা, ২নং ক্রসরোড, উপজেলা খুলনা, জেলা খুলনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা সিটি কর্পোরেশনের ৬,৭,৮, ৯, ও ১০ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

আদেশ

তারিখ, ০৩ এপ্রিল ২০১৪

**নং ১৮.০১১.০১২.০০.০০.০০৬.২০১২-৭২০**—যেহেতু, ডঃ সাজিদ হোসেন, কমান্ড্যান্ট (চঃদাঃ), মেরিন একাডেমী, চট্টগ্রাম (প্রাক্তন প্রধান প্রকৌশলী, মেরিন একাডেমী, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী কার্যকলাপ ও গুরুতর অসদাচরণের অভিযোগের প্রেক্ষিতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, ১৯৮৫ সালের সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা এর ১১(১) বিধি মোতাবেক ২০-১০-২০০৩ তারিখের নৌপম/ প্রশা-২/এমএ/১অ-২/০৩-৩২৩ নং আদেশমূলে ডঃ সাজিদ হোসেনকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন মহামান্য হাইকোর্টে ৬৫৯১/২০০৩ রীট মামলা দায়ের করেন;

যেহেতু, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ০৯-০১-২০১১ তারিখের রায়ে ডঃ সাজিদ হোসেন এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এবং সাময়িক বরখাস্ত আদেশ বেআইনি মর্মে ঘোষণা করা হয়;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন ১৫-১০-২০০৯ হতে ১৪-১০-২০১২ তারিখ পর্যন্ত কমান্ড্যান্ট, মেরিন একাডেমী হিসেবে চুক্তিভিত্তিক নিয়োজিত ছিলেন এবং চুক্তির শর্ত মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা গ্রহণ করেছেন;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন মহামান্য আদালতের আদেশ অনুযায়ী প্রধান প্রকৌশলী পদে পুনর্বহাল হয়েছেন;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন, মেরিন একাডেমী, ডেপুটি কমান্ড্যান্ট পদে ভূতাপেক্ষভাবে পদোন্নতির জন্য আবেদন করেন;

যেহেতু, ডঃ সাজিদ হোসেনকে বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড ৩০-০৪-২০১২ তারিখ প্রধান প্রকৌশলী পদে যোগদান করার জন্য সুপারিশ করেন এবং ডঃ সাজিদ হোসেন পধান প্রকৌশলী পদে যোগদান করেন;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন, প্রধান প্রকৌশলী, মেরিন একাডেমীকে বিভাগীয় পদোন্নতি/নিয়োগ কমিটি ০৩-১০-২০১২ তারিখ ডেপুটি কমান্ড্যান্ট পদে পদোন্নতির জন্য সুপারিশ করেন এবং ১৫-১০-২০১২ তারিখ ডেপুটি কমান্ড্যান্ট পদে যোগদান করেন;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন কমান্ড্যান্ট পদে চুক্তিভিত্তিক নিয়োজিত থাকার কারণে অতিরিক্ত বেতন-ভাতা গ্রহণ করেন; এবং প্রশাসনিক ও আর্থিক জটিলতার সৃষ্টি হয়;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন এর প্রশাসনিক ও আর্থিক জটিলতার সৃষ্টির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়,অর্থ বিভাগ, আইন ও বিচার বিভাগের মতামত গ্রহণ করা হয়;

যেহেতু, ডঃ সাজিদ হোসেন কমান্ড্যান্ট পদে চুক্তিভিত্তিক নিয়োজিত থাকাকালীন ১৫-১০-২০০৯ হতে ১৪-১০-২০১২ তারিখ পর্যন্ত গৃহীত অর্থ প্রধান প্রকৌশলী পদের বিপরীতে প্রাপ্য বেতন-ভাতাদির চেয়ে বেশি আহরিত বেতন ভাতাদি সমন্বয় করেছেন;

সেহেতু এক্ষণে বাংলাদেশ চাকরি বিধি ৭২, ফান্ডামেন্টাল রুলস্ ও চাকরি বিধি সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং মহামান্য আদালতের ০৯-০১-২০১১ তারিখের রায়ের ভিত্তিতে আইন ও বিচার বিভাগের প্রদত্ত ভেটিং, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের মতামতের আলোকে ডঃ সাজিদ হোসেন কমান্ড্যান্ট (চঃ দাঃ), মেরিন একাডেমী, চট্টগ্রাম (প্রাক্তন প্রধান প্রকৌশলী, মেরিন একাডেমী, চট্টগ্রাম)-কে ০১-০৮-২০০৫ হতে ১৪-১০-২০০৯ তারিখ পর্যন্ত চাকরি নিয়মিতকরণপূর্বক প্রাপ্য বেতন-ভাতাদি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলাউদ্দিন**
অতিরিক্ত সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিশাখা-২(মাঠ প্রশাসন)**

**আদেশাবলী**

তারিখ, ০১ এপ্রিল ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৬১.১২(অংশ-১)-২০৮**—ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের ২০-০৩-২০১৪ তারিখের ০৫.৪১.২৬০০.০১২.১৪.০১২.১১-১৬১৮ নং স্মারকের পরিপ্রেক্ষিতে ঢাকা জেলার সাভার ও কেরাণীগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ০৫টি উপজেলা ভূমি অফিস ও রাজস্ব সার্কেল পুনর্গঠন/বিভক্তির প্রস্তাব নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

| ক্রমিক নং | উপজেলা ভূমি অফিস/ রাজস্ব সার্কেল অফিস | ইউনিয়ন ভূমি অফিসের নাম |
|---|---|---|
| (১) | উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা | (১) বাগধনিয়া ইউনিয়ন ভূমি অফিস<br>(২) ফুলবাড়ীয়া ইউনিয়ন ভূমি অফিস |
| (২) | আশুলিয়া রাজস্ব সার্কেল, সাভার, ঢাকা | (১) আশুলিয়া ইউনিয়ন ভূমি অফিস<br>(২) শিমুলিয়া ইউনিয়ন ভূমি অফিস |
| (৩) | আমিন বাজার রাজস্ব সার্কেল, সাভার, ঢাকা | (১) আমিন বাজার ইউনিয়ন ভূমি অফিস |
| (৪) | উপজেলা ভূমি অফিস, কেরাণীগঞ্জ, ঢাকা | (১) কলাতিয়া ইউনিয়ন ভূমি অফিস<br>(২) রুহিতপুর ইউনিয়ন ভূমি অফিস |
| (৫) | কেরাণীগঞ্জ রাজস্ব সার্কেল (দক্ষিণ), ঢাকা। | (১) শুভাঢ্যা ইউনিয়ন ভূমি অফিস |

২। আদেশ জারির তারিখ থেকে উল্লিখিত অফিসসমূহের কার্যক্রম শুরু হবে।

তারিখ, ০৯ এপ্রিল ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৯.০১৮.১৪-২২৫**—ভূমি মন্ত্রণালয়ের ০৯-১২-১৯৯০ তারিখের ভূঃমঃ/শা-১৫-১৩০/৯০/৭৬৩ নং আদেশসহ ইতঃপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিল পূর্বক ভূমি মন্ত্রণালয়ে ন্যস্তকৃত সহকারী কমিশনার (ভূমি)গণের বদলীর ক্ষেত্রে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলোঃ

(ক) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ গাজীপুর/ নারায়ণগঞ্জ/কুমিল্লা মহানগর এলাকার (সিটি করপোরেশন) সহকারী কমিশনার (ভূমি)গণের বদলী এবং ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কার্যাদি ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন থাকবে।

(খ) (ক) নং ক্রমিকে বর্ণিত এলাকায় কর্মরত কর্মকর্তাগণ ব্যতীত সংশ্লিষ্ট বিভাগের সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কর্মরত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ নিয়োগ ও বদলী করবেন।

(গ) সহকারী কমিশনার (ভূমি)গণের আন্তঃবিভাগীয় নিয়োগ/বদলীর ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঘ) সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমপক্ষে ০১ (এক) বছর কাজের অভিজ্ঞতা না থাকলে মহানগর এলাকায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা যাবে না।

(ঙ) সহকারী কমিশনার (ভূমি)গণের মহনগরে একই কর্মস্থলে কর্মকালের মেয়াদ হবে সর্বোচ্চ ০২ (দুই) বছর।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ,টি,এম মোস্তফা কামাল**
উপসচিব।

## জরিপ শাখা-১

### আদেশ

তারিখ, ২০ চৈত্র ১৪২০/০৩ এপ্রিল ২০১৪

**নং ৩১.০৩৬.০২৭.০০.০০.০৩৪.২০১১-১৩৯**—জনাব নজির আহমেদ ভূঞা, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার (সাময়িকভাবে বরখাস্ত) কুমিল্লা জোনের হাজীগঞ্জ উপজেলা হতে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলায় প্রেষণে কর্মরত থাকাকালীন গত ২৭-০৬-২০০৭ তারিখ বেলা ১১ ঘটিকার সময় কর্মরত অবস্থায় ঘুষ গ্রহণের দায়ে জেলা দুর্নীতি দমন কমিশনের সদস্য ও যৌথ বাহিনীর সহায়তায় গ্রেফতার হওয়ার পর তার বিরুদ্ধে ব্রাহ্মণবাড়ীয়া সদর থানায় এজাহার দায়ের করা হয়। পরবর্তীতে তার বিরুদ্ধে ব্রাহ্মণবাড়ীয়া থানায় ১৯৪৭ সনের দুর্নীতি দমন আইনের ৫(২) ধারা তৎসহ দণ্ড বিধি আইনের ১৬১ ধারা মোতাবেক ২৭-০৬-২০০৭ তারিখের ১১১ নং মামলা রুজুর প্রেক্ষিতে গত ২৭-০৬-২০০৭ তারিখে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়।

যেহেতু জনাব নজির আহমেদ ভূঞা, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার গত ২৭-০৬-২০০৭ তারিখ জনাব মোঃ আব্রার হোসেন ওরফে মানিক মিয়া (অবঃ সার্জেন্ট) পিতা মৃত মতিউর রহমান (মতি মিয়া), গ্রাম পূর্ব পাইকপাড়া, থানা ও জেলা ব্রাহ্মণবাড়ীয়া কর্তৃক লিখিত অভিযোগের প্রেক্ষিতে দুদক ব্রাহ্মণবাড়ীয়ার ই/আর ০৫-২০০৭ তারিখ ২৭-০৬-২০০৭ ভুক্ত করে একমাত্র আসামী হিসেবে তাকে গ্রেফতার করা হয়।

যেহেতু, তিনি ঐ সময়ে গঠিত সত্য ও জবাবদিহিতা কমিশনে ৩১-১২-২০০৮ তারিখ মার্জনা পত্র দাখিল করেন এবং অনুকম্পা প্রার্থী হিসেবে একটি আবেদন করেন। সত্য ও জবাবদিহিতা কমিশনে চাকুরী জীবনে অবৈধ আয়ের কথা অকপটে স্বীকার করে জীবনে আর দুর্নীতি করবেন না বলে অঙ্গীকার করেন এবং অবৈধ আয়ের ২৫,০০০ টাকা সরকারী কোষাগারে জমা দিয়ে অনুকম্পা প্রার্থনা করেন। ফলে জবাবদিহিতা কমিশনে অভিযুক্ত অকপটে নিজের দোষ স্বীকার করার বিষয়টি তদন্ত করার প্রয়োজন হয়নি।

জনাব নজির আহমেদ ভূঞা, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস হাজীগঞ্জ, কুমিল্লা এর বিরুদ্ধে ঘুষ নেয়ার বিষয়টি প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামতের আলোকে অভিযুক্তকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে দোষী সাব্যস্ত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে একই বিধিমালার ৪(৩)(বি) বিধি মোতাবেক চাকুরী থেকে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) দণ্ড প্রদান করা হলো।

**মোঃ রফিউল আলম**
যুগ্ম-সচিব (জরিপ)।

---

### আদেশ

তারিখ, ১৮ চৈত্র ১৪২০/০১ এপ্রিল ২০১৪

**নং ৩১.০৩৬.০২৭.০০.০০.১২৩.২০১০-১৪৩**—জনাব মুহাম্মদ মুসতাফিজুর রহমান, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, ধুনট, বগুড়া, এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় নিম্নরূপ আদেশ দিয়েছেন ঃ

"অভিযুক্তের দর্শিত কারণ ও নথিস্থ কাগজাদি পর্যালোচনা করা হলো। সার্বিক পর্যালোচনায় তাকে তার বর্তমান পদের পূর্ববর্তী নিম্নপদে বিধিমালার ৪(৩)(এ) মতে অবনমিত করার আদেশ দেয়া গেল। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।"

**মোঃ নূরুল ইসলাম তালুকদার**
সহকারী সচিব।

---

## জরিপ শাখা ২(অপারেশন)

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১৭ ফাল্গুন ১৪২০/০১ মার্চ ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৫০.২০১১-৭১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে, এল, নং |
|---|---|---|---|---|
| (১) | কুমিল্লা | ব্রাহ্মণপাড়া | বেজোড়া | ১৯ |
| (২) | কুমিল্লা | হোমনা | কাঠালিয়ারচর | ১৫ |
| (৩) | কুমিল্লা | দাউদকান্দি | দক্ষিণ চাঁদেরচর | ১১৩ |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৮.২০১০-৭২**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে, এল, নং |
|---|---|---|---|---|
| (১) | চাঁদপুর | শাহরাস্তি | কালাচো | ১৩৯ |
| (২) | চাঁদপুর | হাইমচর | গাজীপুর মনিপুর | ১৮ |
| (৩) | কুমিল্লা | বরুড়া | মনোহরা | ৭৩ |

নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৫৫.২০১১-৭৩—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে, এল, নং |
|---|---|---|---|---|
| (১) | কুমিল্লা | বুড়িচং | মাতলার চর | ১৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ মার্চ ২০১৪/২৯ ফাল্গুন ১৪২০

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৪.১২-৮৩—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব জে এম তসলিম কবির(১৬৫৬৪), প্রভাষক (ইংরেজি), চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর ০৭-০৩-২০১০ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ কারণ দর্শানো নোটিশটি বিধি মোতাবেক জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জারির রিটার্ন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক, ঝিনাইদহ ও জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হলে অভিযুক্ত কর্মকর্তা উক্ত নোটিশের জবাবে পারিবারিক সমস্যার কথা উল্লেখ করে স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতির জন্য আবেদন করেন। জনাব জে এম তসলিম কবিরের কাছে সরকারের কোন পাওনা নেই বলে তাঁর সর্বশেষ কর্মস্থল চাঁদপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ জানিয়েছে;

যেহেতু, জনাব জে এম তসলিম কবির কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিত তাঁকে "স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি" প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয় এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাবে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব জে এম তসলিম কবির (১৬৫৬৪), প্রভাষক (ইংরেজি), চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুরকে "স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি" প্রদান করা হ'ল।

তারিখ, ০২ এপ্রিল ২০১৪/১৯ চৈত্র ১৪২০

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪২.১২-১১৭—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব ডি এম শাহ আলম (১০২০১), সহকারি অধ্যাপক (অর্থনীতি), প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা গত ০২-০৬-২০১২ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে জেলা প্রশাসক শরীয়তপুরকে তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ কারণ দর্শানো নোটিশটি জারি করে রিটার্ন প্রদানের জন্য অনুরোধ করা হলে জেলা প্রশাসক জানান যে, "অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারি করা হয়েছে"। অতঃপর বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশেরও জবাব পাওয়া যায়নি;

যেহেতু, জনাব ডি এম শাহ আলম এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব ডি এম শাহ আলমকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) বিধিমতে গুরুদণ্ড হিসেবে এই আদেশ জারির দিন থেকে সরকারি "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ সাদিক**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ ভদ্র ১৪২১/২১ আগস্ট ২০১৪

**নং ৩৬.০৬৫.০২২.০০.০৯.০১২.২০০৫-১৯৬**—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর দারিদ্র্য বিমোচন কর্মসূচীর চারটি প্রকল্প যথা- (ক) মহিলা শিল্পোদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী (উইডিপি), (খ) ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান প্রকল্প, (গ) আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচন প্রকল্প ও (ঘ) গ্রামীণ শিল্প উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি তেজীকরণ প্রকল্প সমাপ্ত হওয়ায় এসব প্রকল্পের কার্যক্রম/কর্মসূচী অব্যাহত রাখার লক্ষ্যে সরকার "ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন" [SMALL, MICRO AND COTTAGE INDUSTRIES FOUNDATION (SMCIF)] নামে একটি প্রতিষ্ঠান গঠন করিল। এই ফাউন্ডেশনটি The Companies Act. (Act. XVIII) of 1994 এর ২৮ ধারার অধীনে Memorandum of Association (MOA) এবং Articles of Association (AOA) এর আলোকে পরিচালিত হইবে।

ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ৯ জুলাই ২০১৪

**নং বিচার-৭/২এন-১০১/৮৬-৩৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ আশরাফুল ইসলাম, পিতা-মোঃ ইসমাইল হোসেন, মাতা-মোছাঃ আনোয়ারা খাতুন, গ্রাম-পারনারায়নপুর, ডাকঘর-পাংশা, উপজেলা-পাংশা, জেলা-রাজবাড়ী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার পাংশা উপজেলাধীন পাংশা পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মাদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ , ১ জুলাই ২০১৪

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩-৩১৮**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব দয়াল চন্দ্র রায়, জেলা মৎস্য কর্মকর্তা (চলতি দায়িত্ব), শরীয়তপুর গত ০৬-০৬-২০১৪ তারিখ রোজ শুক্রবার সকাল ১১.৪৫ ঘটিকায় মানিকগঞ্জে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।

প্রয়াত জনাব দয়াল চন্দ্র রায়, মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলায় এক সম্ভ্রান্ত পরিবারে ৩০-০৬-১৯৬১ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি বিগত ২৮-০২-১৯৮৭ তারিখ মৎস্য অধিদপ্তরের চাকুরিতে প্রবেশ করেন। মৃত্যুকালে তিনি ০২(দুই) মেয়ে এবং আত্মীয় স্বজন ও বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রয়াত জনাব দয়াল চন্দ্র রায় এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে।

**শেলীনা আফরোজা**, পিএইচডি
ভারপ্রাপ্ত সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শাখা-৩ (শুল্ক)**

**আদেশ**

তারিখ, ০৮ আষাঢ় ১৪২১/২২ জুন ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৭১.১৩-৩৬৫**—বি.সি.এস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মান্নান সরদার, দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সহকারি কমিশনার) হিসেবে ইতোপূর্বে ০৭-৪-২০০৫ হতে ৩০-৬-২০০৬ পর্যন্ত কাস্টম হাউস, বেনাপোল এ (কার্গো ও মেনিফেস্ট শাখা) Special Assignment এর দায়িত্বে কর্মরত থাকাকালে তাঁর যথাযথ তদারকির অভাবে ২০০৪-২০০৫ অর্থ বছরে ৭৩টি পণ্য চালানের বিপরীতে কোনরূপ রাজস্ব আদায় ব্যতীত ছাড় করায় সরকারের ৪,৪৯,৯২,০২৫/- (চার কোটি উনপঞ্চাশ লক্ষ বিরানব্বই হাজার পঁচিশ) টাকার রাজস্ব ক্ষতির অভিযোগে তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা মোতাবেক এ বিভাগের ১৭-১১-২০১৩ তারিখের স্মারক নং ০৮.০০.০০০০. ০৩৮.২৭.০৭১.১৩.৬৫৭ এর মাধ্যমে বিভাগীয় মামলা চালু করে

অভিযুক্তের নিকট কৈফিয়ত তলব করা হয়। অতঃপর তিনি যথারীতি জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন;

যেহেতু, গত ৯-০২-২০১৪ ও ০৯-০৩-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুল মান্নান সরদার, দ্বিতীয় সচিব (মূসক)-এর নিকট হতে প্রাপ্ত কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানীতে পেশকৃত তথ্য এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রতিষ্ঠিত হয়নি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আব্দুল মান্নান সরদার, দ্বিতীয় সচিব (মূসক)-কে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ আগস্ট ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.২০১৩-২৪৩**—গত ২১-০৫-২০১৪ খ্রিঃ তারিখ সকাল ০৭.৫০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ভ্রান্ত মতবাদে বিশ্বাসী ও প্রচারকারী অভিযুক্ত মোছাঃ কাজী ফিরোজীয়া (৪৮), স্বামী মনির হোসেন ভূইয়া, সাং রাধাপানাম, থানা সোনারগাঁও, জেলা নারায়ণগঞ্জ, বর্তমানে ঠাকুরপাড়া, থানা আশুলিয়া, জেলা ঢাকা'কে গ্রেফতার করা হয়। তার হেফাজত হতে মোট ১৫ টি তার লেখা বই উদ্ধার করা হয়। তার প্রকাশিত "বিশ্বের শ্রেষ্ঠ অবতীর্ণ বিধাতার বাণী" নামক বইয়ের ১৫৬ পৃষ্ঠায় ১২ ও ১৩তম লাইনে মনগড়া লেখা "লা ইলাহা ইল্লাল্লাহু হাওয়া রাসুলুল্লাহ ও লা ইলাহা ফিরোজিয়া রাসুলুল্লাহ" প্রকাশ করে আশুলিয়া ও আশেপাশের এলাকার মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি এবং পবিত্র কোরআন ও ইসলাম ধর্মের পরিপন্থি কার্যকলাপে লিপ্ত হয়ে মুসলমানদের ধর্মীয় বিশ্বাসের অবমাননা করেছেন। উক্ত অপরাধের জন্য মোছাঃ কাজী ফিরোজীয়া (৪৮) এর বিরুদ্ধে দণ্ডবিধির ২৯৫ক ধারায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, আশুলিয়া থানা, জেলা ঢাকা'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা নির্দেশক্রমে প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খায়রুল আলম সেখ
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**পরিবার কল্যাণ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আগস্ট ২০১৪

**নং ৪৫.১৬৯.০২৫.০০.০০.০০৯.২০১৪-৪০০**—পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন 'পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)' পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগপূর্ব ৩৬ মাসের "ডিপ্লোমা-ইন-এমসিএইচ ভিজিটর" কোর্সে অংশগ্রহণ করতে হবে। উক্ত কোর্সে কৃতকার্যদের 'পরিবার কল্যাণ পরিদর্শিকা' পদে নিয়োগ করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোন্দকার মোস্তাফিজুর রহমান
উপসচিব।